

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৩৭

আগরতলা, ৩০ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

পশ্চিম ত্রিপুরা জেলার জেনারেল অবজারভারের সভাপতিত্বে সভা



১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ পশ্চিম জেলার জেলাশাসক ও সমাহৃতার কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলার ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের জেনারেল অবজারভার বিবেক এ ভিমানোয়ার এই সভায় সভাপতিত্ব করেন। সভায় এক্সপেনডিচার অবজারভার প্রদীপ শর্মা ও পুলিশ অবজারভার রাম কুমার উপস্থিত ছিলেন। সভায় লোকসভা নির্বাচনের বিভিন্ন বিষয় ও নোডাল অফিসারদের করণীয় বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়। সভায় নির্বাচনী কাজে নিযুক্ত মাইক্রো অবজারভার, প্রিসাইডিং অফিসার ও পোলিং অফিসারদের নিয়োগ সংক্রান্ত বিষয়, পোলিং স্টেশনের পরিকাঠামো, ভোটের কাজে ব্যবহৃত যানবাহনের বিষয়েও অবজারভারগণ খোঁজখবর নেন। পশ্চিম ত্রিপুরা জেলায় ৭৯০টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। সভায় নিরপেক্ষ, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার, ১৪ জন এআরও এবং নির্বাচনের কাজে নিযুক্ত ১৬ জন নোডাল অফিসার উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*